বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

**বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের ২৭-০৫-২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৮ তম সভার কার্যবিবরণী।**

বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপক, নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ এর সভাপতিত্বে তার অফিস কক্ষে বিগত ২৭-০৫ -১৮ তারিখ সকাল ১০.৩০টায় বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (আইসিসি) এর মনিটরিং ইউনিট, পরিপালন ইউনিট, নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টিম (আইসিটি) এর ২৮ তম সভা অনুষ্ঠিত হয়। সভায় আইসিসি এর সকল ইউনিট এর নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | ইউনিট পদবী |
|---|---|---|
| ০১। | মিসেস লুৎফুন নাহার নাজ,উপমহাব্যবস্থাপক<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সভাপতি<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |
| ০২। | জনাব মফিজুল ইসলাম, উপমহাব্যবস্থাপক<br>প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ- ২, বিকেবি, প্রকা, ঢাকা। | সভাপতি<br>নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট |
| ০৩। | মোঃ সালাহউদ্দিন রাজীব , উপমহাব্যবস্থাপক<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সিস্টেম বিভাগ | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন |
| ০৪। | মোঃ মামুনুর রশিদ, উপমহাব্যবস্থাপক<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অপারেশন বিভাগ | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন |
| ০৫। | মিসেস দিবা রায়, সহকারী মহাব্যবস্থাপক<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |
| ০৬। | জনাব তরুণ কুমার কুণ্ডু , সহকারী মহাব্যবস্থাপক<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা । | সভাপতি<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৭। | জনাব মোঃ দুলাল মিয়া, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা<br>আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৮। | জনাব সুজন চক্রবর্তী , মুখ্য কর্মকর্তা<br>আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৯। | জনাব মোস্তাফিজুর রহমান , মুখ্য কর্মকর্তা<br>প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ- ২, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০১০। | জনাব কাজী হাসানুজ্জামান , কর্মকর্তা<br>প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ- ১, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ১১। | জনাব মোহাঃ তাওহীদুল ইসলাম , মুখ্য কর্মকর্তা<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য সচিব<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম,<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |

০২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ০৫-০৪-২০১৮ তারিখে ২৭ তম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করেন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম এর সভাপতি জনাব তরুণ কুমার কুণ্ডু , সহকারী মহাব্যবস্থাপক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। বিগত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয় এবং বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি এবং বিবিধ আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দল কর্তৃক ০৮-১১-২০১৭ তারিখে পরিদর্শনকৃত বাগেরহাট মুখ্য অঞ্চলাধীন মোংলা পোর্ট শাখার পরিদর্শন রিপোর্ট১৬-০৪-২০১৮ তারিখে প্রেরণ করা হয়েছে। ১২-০২-২০১৮ তারিখে পরিদর্শনকৃত বরিশাল মুখ্য অঞ্চলাধীন রায়পাশা শাখার পরিদর্শন রিপোর্ট১০-০৫-২০১৮ তারিখে প্রেরণ করা হয়েছে এবং ১৩-০২-২০১৮ তারিখে ঝালকাঠি মুখ্য অঞ্চলাধীন ঝালকাঠি শাখার রিপোর্ট ২০-০৫-২০১৮ তারিখে প্রেরণ করা হয়েছে ।১৪-০২-২০১৮ তারিখে ভোলা মুখ্য অঞ্চলাধীন ভোলা শাখা পরিদর্শন রিপোর্ট প্রস্তুতির কাজ শেষ হয়েছে যা অনুমোদনের অপেক্ষায় আছে।২৭ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী কুষ্টিয়া বিভাগাধীন ০৩ টি শাখা যথাক্রমে ২২-০৪-২০১৮ তারিখে ঝিনাইদহ মুখ্য অঞ্চলাধিন ঝিনাইদহ শাখা , ২৩-০৪-২০১৮ তারিখে কুষ্টিয়া মুখ্য অঞ্চলাধীন কুষ্টিয়া শাখা ও ২৪-০৪-২০১৮ তারিখে মাগুরা মুখ্য অঞ্চলাধীন মাগুরা শাখা পরিদর্শন করা হয়েছে পরিদর্শন রিপোর্ট এর কাজ পক্রিয়াধীন আছে এবং পরবর্তীতে ঢাকা বিভাগাধীন ০২ টি শাখা পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে ।

খ)বিগত ০৫-০৩-২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৬ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার "খ" নং আলোচ্যসূচী অনুযায়ী ১২-০৩-২০১৮ তারিখের পত্র নং ৯৪৫(০২) এর মাধ্যমে আইসিটি সিস্টেম বিভাগ / আইসিটি অপারেশন বিভাগকে অবহিত করা হয় । উক্ত পত্রের প্রেক্ষিতে আইসিটি অপারেশন বিভাগ এর পত্র নং ৬৩৭ তারিখ ১৩-০৩-২০১৮ এর মাধ্যমে জানিয়েছেন যে ০৮-০৩-২০১৮ তারিখ পর্যন্ত অনলাইন শাখার সংখ্যা ২৯৫ টি, One stop /Day one শাখা থেকে ০৯ টি শাখা ম্যানুয়ালি ফিরে এসেছে , অফলাইন ও অনলাইন অপারেশন ভুক্ত ২৫০ টি শাখার মধ্যে গত ০৮-০৩-২০১৮ তারিখ পর্যন্ত ১০৯ টি শাখা থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ১০ টি শাখা অনলাইন/ অফলাইন লাইভ অপারেশনে নেওয়ার সময় আমানত/ ঋণ স্থিতি গরমিলের কারণে গুচ্ছ আকারে ৪১ প্রদেয় খাতে ১৩,৬০,৮৮৪/০১ এবং ১৩১ আদায় যোগ্য খাতে ১৭,১৪,৩৯১/২৯ মাত্র রাখা হয়েছে । ৭৩ টি শাখা কোন অসমন্বিত টাকা ৪১ ও ১৩১ খাতে গুচ্ছ আকারে রাখা হয় নাই এবং অবশিষ্ট ২৬ টি শাখার কোন তথ্য সরবরাহ করে নাই । এ বিষয়ে শাখাওয়ারি সঠিক এবং স্বচ্ছ তথ্য প্রদান করার জন্য আই সি টি সিস্টেম / অপারেশন বিভাগকে পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে । ( কার্যকরণঃআইসিটি অপারেশন/ আইসিটি সিস্টেম বিভাগ )

গ) বিগত ০৫-০৩-২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৬ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার "জ" নং সিদ্ধান্ত অনুযায়ী বিগত ১৪-০৩-২০১৮ তারিখে ৯৬৩ নং পত্রের মাধ্যমে এবং ০৫-০৪-২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৭ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার "ঙ" নং অনুচ্ছেদ অনুযায়ী অত্র বিভাগের পত্র নং ১০৪৯(৭) তারিখ ১৮/০৪/১৮ এর মাধ্যমে অধ্যক্ষ (মহাব্যবস্থাপক) স্টাফ কলেজ ও উপমহাব্যবস্থাপক হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ -৪ কে প্রয়োজনীয় প্রশিক্ষণ এর ব্যবস্থা করার জন্য পুনরায় বিনীত অণুরোধ করা হয়েছে। এই চিঠির প্রেক্ষিতে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ -৪ এর পত্র নং ৩১৮৭ তারিখ ২২/০৪/১৮ এর মাধ্যমে অবহিত করেন যে বিকেবি স্টাফ কলেজ ব্যতীত অন্যান্য প্রশিক্ষণ ইনস্টিটিউট / কলেজ/ একাডেমি কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কোর্স এ কর্মকর্তা/ কর্মচারী মনোনয়ন দিয়ে থাকেন ।অধ্যক্ষ (মহাব্যবস্থাপক) স্টাফ কলেজ থেকে গৃহীত ব্যবস্থার কোন পত্রাদি অত্র বিভাগকে প্রদান করা হয়নি। যার কারনে উল্লেখিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি অত্র বিভাগের কাছে স্পষ্ট নয় ।পুনরায় স্টাফ কলেজ কে পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে । (কার্যকরণঃ বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ ও হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ -৪)

ঘ)বাংলাদেশ ব্যাংক এ প্রেরণ কৃত জাল জালিয়াতি সংক্রান্ত ষাণ্মাসিক প্রতিবেদন প্রসঙ্গে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের ০৫/০৩/১৮ তারিখের প্রকা/অনিবি/প্রশা-৪২/২০১৭-২০১৮/অংশ-১/৯২৪ নং এবং ০৮/০৪/২০১৮ তারিখের ১০১৭ নং পত্রের প্রেক্ষিতে ভিজিলেন্স স্কোয়াড বিভাগ তাদের ১০/০৪/১৮ তারিখের ৪৭০ নং অভ্যন্তরীণ পত্রের মাধ্যমে জাল জালিয়াতি সংক্রান্ত মোট ৩৪ টি জাল জালিয়াতির প্রতিবেদন (পুরাপারা বাজার শাখার তথ্য ব্যতীত) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করে। ১৭/০৪/২০১৮ তারিখের ১০৩৭ নং পত্রের মাধ্যমে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ -৩ এ জাল জালিয়াতি সম্পর্কিত ৩৫টি মামলার বর্তমান পরিস্থিতি এবং নিষ্পত্তি কৃত মামলা সমূহের বিবরণ প্রেরণ করার জন্য তালিকা প্রেরণ করা হয়। একই সংগে জাল জালিয়াতির হালনাগাদ তথ্যাদি অবগত হওয়ার জন্য জাল জালিয়াতি সংঘটিত ২২ টি শাখায় বিগত ১৭/০৪/১৮ তারিখে ০৯টি শাখাকে ০৯/০৪/১৮ তারিখে এবং ০২টি শাখাকে ২১/০৩/২০১৮ তারিখে মোট ৩৩ টি শাখায় চিঠি লেখা হয়েছে । ৩৩ টি শাখার মধ্যে ২৮ টি শাখার প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী দেখা যায় কালিয়াকৈর, নলছিটি এবং শেরপুর শাখায় সংঘটিত জালিয়াতির মাধ্যমে আত্মসাৎ কৃত সমুদয় টাকা আদায় হয়েছে। আর ০৩ টি শাখার মামলার মাধ্যমে নিষ্পত্তি কৃত এবং দায়ী কর্মকর্তাদের অবসোত্তর ভাতাদি হতে সমুদয় টাকা আদায়ের সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। শাখা ৩টি হোল দীঘিনালা শাখা,খাগড়াছড়ি , গোইয়ারভাঙ্গা শাখা,কুমিল্লা ও কালিয়াকৈর শাখা ,গাজীপুর ।ইতোপূর্বে যে সকল জাল জালিয়াতির তথ্য বাংলাদেশ ব্যাংক এ Self Assessment of Anti Fraud Internal Controls প্রতিবেদনে সংযুক্ত করে প্রেরণ করা হয় নি তা আগামী জুন/ ষাণ্মাসিক প্রতিবেদনে সংযুক্ত পূর্বক প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে ।
( কার্যকরণঃঅভ্যন্তরীণ নিয়ন্ত্রন বিভাগ )

ঙ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দল কর্তৃক শাখা পরিদর্শন কালে প্রতীয়মান হয় যে, শাখায় কর্মরত কর্মকর্তা গন ইউজার পাসওয়ার্ড পরস্পর শেয়ার করে এবং কম্পিউটার অপারেটর প্রয়োজনীয় কাজে বাইরে গেলে / কম্পিউটার হতে দূরে গেলে কম্পিউটার লগ আউট না করেই চলে যান । এ ব্যাপারে কম্পিউটারাইজড / অনলাইন/ অফলাইন শাখা গুলোকে প্রয়োজনীয় নির্দেশনা পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে ।
( কার্যকরণঃআইসিটি অপারেশন/ আইসিটি সিস্টেম বিভাগ )

চ) অভন্তরীন নিয়ন্ত্রণ বিভাগের ১৩/০৭/২০১৭ তারিখের ৩০(১৫) নং পত্র অনুযায়ী হিসাব খোলার বিষয়ে সকল মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে শাখা সমূহকে নির্দেশনা প্রদান করার জন্য সকল বিভাগীয় মহাব্যবস্থাপক কে অনুরোধ জানানো হয়। তথাপি

**অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দল কর্তৃক শাখা পরিদর্শন কালে লক্ষ্য করে যে, আমানত হিসাব খোলার সময় হিসাব খোলার ফরম যথাযথ ভাবে পুরন করা হয় না। বিশেষ করে KYC,TP রিস্ক ফরম পুরন না করেই হিসাব খোলা হয়। যা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। এ ব্যাপারে সমস্ত শাখা গুলোকে প্রয়োজনীয় নির্দেশনা পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।** ( কার্যকরণঃঅভ্যন্তরীণ নিয়ন্ত্রন বিভাগ )

০৩। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৫/০৬/২০১৮

(ননী গোপাল দত্ত)
মহাব্যবস্থাপক
নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ
বিকেবি, প্রকা, ঢাকা।

নং/প্রকা/অনিবিঃপ্রশা- ৪৪/২০১৪-২০১৫/ ১১৭৫ (১১) তারিখঃ০৫-০৬-২০১৮খ্রীঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।

০২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়,ঢাকা ।

০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৪. উপমহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ- ১/ প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ- ২ (সভাপতি, নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট, আইসিসি)/ আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো।

০৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা / মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৬. সকল আঞ্চলিক ব্যবস্থাপক / আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৭. সকল সদস্য, অভ্যন্তরীণ নিয়ন্ত্রন টিম(আইসিটি), অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।

০৮. নথি/মহানথি

০৫/৬/২০১৮

(লুৎফুন নাহার নাজ )
উপ -মহাব্যবস্থাপক
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ
এবং
সভাপতি
মনিটরিং ও পরিপালন ইউনিট
বিকেবি, প্রকা, ঢাকা।